

## পৌল ও বার্গবা নতুন বিশ্বাসীদের নতুন মণ্ডলীতে এনেছিলেন

প্রার্থনা : “প্রিয় পিতা, আমরা যখন অন্যলোকদের কাছে তোমার পুত্র যীশুর কথা বলি, তখন তুমি কত প্রীত হও তা আমাদের শিশুদের দেখাতে অনুগ্রহ করে এই অধ্যায়টি ব্যবহার কর।”

### ১. পৌল ও বার্গবার বিষয়ে শিক্ষা দেবার জন্য প্রস্তুত হন।

দয়া করে প্রেরিত ১৪ অধ্যায়ে পড়ুন, কিভাবে পৌল ও বার্গবা নতুন উপাসকমণ্ডলী তৈরী করেছিলেন।



প্রেরিত ১৩ঃ১-৩ পদে দেখুন, পৌল ও বার্গবাকে অন্যত্র নূতন কাজে প্রেরণের জন্য আন্তিয়খিয়ার বিশ্বাসীরা কি করেছিলেন। (প্রশ্নের নীচে উত্তর দেওয়া আছে)

- ১) কোন্ শহরের উপাসকমণ্ডলী পৌল ও বার্গবাকে পাঠিয়েছিলেন ?
- ২) পবিত্র আত্মা আন্তিয়খিয়ার বিশ্বাসীদের কি করতে বলেছিলেন ?

(উত্তরঃ

- ১) আন্তিয়খিয়া, যে শহরটা এখন তুরস্কে অবস্থিত।
- ২) পবিত্র আত্মা বিশ্বাসীদের বলেছিলেন, পৌল ও বার্গবাকে পৃথক করে দাও সেই কাজের জন্য যার জন্য তিনি এঁদের ডেকেছিলেন। (তিনি চেয়েছিলেন যীশুর সুসমাচার সেই সমস্ত লোকের কাছে নিয়ে যেতে যারা তা আগে কোনদিন শোনেনি।)

প্রেরিত ১৪ঃ৮-২৩ পদে দেখুন, লুস্ত্রায় কি ঘটনা ঘটেছিল ?

- ১) কি এমন ঘটেছিল যা মানুষদের অবাক করে দিয়েছিল ?
- ২) পৌল ও বার্গবাকে প্রথমে লোকেরা কি ভেবেছিল ?
- ৩) কিভাবে বার্গবা ও পৌল তাদের নিজেদের উপাসনা করা থেকে মানুষদের বিরত করেছিলেন ?
- ৪) জনতা পৌলের প্রতি কি করেছিল, যখন অন্য শহর থেকে মানুষরা এসেছিল ?
- ৫) পৌল ও বার্গবা কি মানুষদের যীশুর কথা বলা বন্ধ করে দিয়েছিলেন ?
- ৬) পৌল ও বার্গবা যাবার আগে কি করেছিল যাতে শিষ্যরা নেতা পায় ?

(উত্তরঃ

- ১) পৌল দেখেছিল অসুস্থ ব্যক্তিটির সুস্থ হবার জন্য বিশ্বাস ছিল এবং ঈশ্বর সেই ব্যক্তিকে সুস্থ করেছিলেন।
- ২) তারা ভেবেছিল বার্ণবা ছিল দেবতা দু্যপিতর এবং পৌল ছিল দেবতা মর্কুরিয়।
- ৩) ওঁরা লোকদের বলেছিলেন যে তাঁরা মানুষ এবং তাঁরা জীবন্ত ঈশ্বরের সেবা করে।
- ৪) তারা পৌলকে পাথর মারল এবং নগরের বাইরে টেনে নিয়ে গেল, মনের করল তিনি মরে গেছেন।
- ৫) পৌল ও বার্ণবা লোকদের যীশুর বিষয়ে বলতেই লাগলেন।
- ৬) প্রেরিতগণ প্রাচীনদের নতুন মণ্ডলীতে নেতৃত্বের জন্য নিযুক্ত করলেন।)

একজন শিক্ষক অথবা বড় ছেলে বা মেয়ে পৌল ও বার্ণবার লুড্রায় মানুষকে সুস্থ করার গল্পটি বলতে পারে এবং তার পরে যেগুলি ঘটেছিল (প্রেরিত ১৪ঃ৮-২৩ পদ)।

ছেলেমেয়েদের গল্পটির প্রথম পর্ব থেকে প্রশ্ন জিজ্ঞাসা করুন।

প্রেরিত ১৪ঃ৮-২৩ পদে পৌল ও বার্ণবা কি করেছিল সেটার নাট্যরূপ দিন। এটি মূল উপাসনার সময়ে বড়দের সামনে তুলে ধরুন। আপনি গল্পটির কিছুটা অংশ বা সবটাই মনোনীত করতে পারেন। অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা ছোটদের নাটকটির প্রস্তুতিতে সাহায্য করুন।

- বড় ছেলেমেয়েরা পৌল, মানুষ এবং বর্ণনাকারীর অভিনয় করবে।
- ছোট ছেলেমেয়েরা অভিনয় করবে বার্ণবা, জনতা এবং পাথর মারা ব্যক্তিদের চরিত্রে।

বর্ণনাকারী ১৮ ও ৯ পদ পড়ুন।

পৌল ও বার্ণবা : খঞ্জ লোকটির কাছে হেঁটে আসবে।

পৌল : “প্রভু যীশুর নামে তুমি সুস্থ হয়েছ।”

খঞ্জ ব্যক্তি : লাফাতে লাফাতে এবং হেঁটে উচ্চৈশ্বরে, বলবে “আমি সুস্থ!”

জনতা : নত হয়ে চিৎকার করে বলল, “ঈশ্বর মানুষরূপে আমাদের কাছে নীচে নেমে এলেন!”

“তারা হলেন দেবতা দু্যপিতর এবং মর্কুরিয়!”

“বলি উৎসর্গের জন্য মালা এবং বৃষ নিয়ে এসো!”

পৌল : ১৫ পদ থেকে পৌলের কথাগুলো চিৎকার করে বলবে।

বর্ণনাকারী : ১৮ ও ১৯ পদ পড়বে।

পাথর নিক্ষেপকারী : পৌল ও বার্ণবার দিকে লক্ষ্য করে রাগের সঙ্গে

“ঐ লোকগুলি, পৌল ও বার্ণবা তারা তোমাদের ভুল পথে চালিত করছে!”

“তারা অপদেবতার শক্তি দ্বারা চাতুর্যপূর্ণ কাজ করছে!”

“তারা তোমাদের মন্দির এবং তোমাদের রীতি ধ্বংস করে দেবে!”

তারা পৌলের দিকে পাথর মারার প্রচেষ্টা করল। তিনি নীচে বসে পড়লেন।

বর্ণনাকারী : ২০-২৩ পদ পড়বে এবং প্রত্যেককে ধন্যবাদ দেবে যারা এই নাটকে সাহায্য করেছে।

যদি ছোটরা এই নাটকটি বড়দের সামনে উপস্থাপন করে তবে তাদের প্রেরিত ১৪ অধ্যায় সম্বন্ধে উপরের প্রশ্নগুলি বড়দের করতে দিন।

মার্ক ৪ঃ১-২০ পদে উল্লিখিত কৃষক যিনি রোপণ করেছিলেন। দৃষ্টান্তটি ব্যাখ্যা করুন।

- প্রত্যেক শিশুকে ধানের একটি করে শীষ দিন অথবা নিজে হাতে করে রাখুন সবাইকে দেখানোর জন্য।
- ব্যাখ্যা করে বলুন কিভাবে যীশু শস্যকে ব্যবহার করেছিলেন বোঝাতে যে মানুষ যেভাবে তাঁকে গ্রহণ করবে সেইভাবে তাঁর রাজত্ব বৃদ্ধি পাবে। তিনি বলেছিলেন যদি উত্তম কৃষিতে বীজ বপন করা হয় তাহলে শস্যগুলি বড় হবে এবং কয়েকগুণ অধিক উৎপন্ন হবে।

- উত্তম ও খারাপ মাটি বলতে কি বোঝান হয়েছে ব্যাখ্যা করুন।
- ব্যাখ্যা করে বলুন যখন পৌল ও বার্ণাবা লুড্রা ও অন্যান্য শহরে গিয়েছিলেন তখন তাঁরা ঈশ্বরের রাজ্যের বীজ বপন করেছিলেন। নতুন মণ্ডলী গড়ে উঠেছিল এবং তারাও অন্যত্র বীজ বপন করার জন্য কর্মীদের পাঠিয়েছিলেন।

কবিতাঃ চারজন ছেলেমেয়ে প্রত্যেকে একটি করে পদ পাঠ করবে বিশাইয় ৪২ঃ১,৪,৬ এবং ৭ পদ থেকে।

মুখস্থ পদঃ প্রেরিত ১ঃ৮ পদ

প্রার্থনাঃ প্রভু, পৌল ও বার্ণাবা যেরূপ বিশ্বস্ত ছিল সেইরূপ বিশ্বস্ত হতে সাহায্য কর, যেন আমরা অন্যদের কাছে সুসমাচার প্রচার করতে পারি। যেন অন্য জায়গার মানুষ যীশুকে জানতে পারে এবং পৃথিবী ব্যাপী খ্রীষ্টের শরীরের অংশ হতে পারে।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from [www.Paul-Timothy.net](http://www.Paul-Timothy.net)